অতি-জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০১.১৫(অংশ-৩)- ১৭৫২ তারিখঃ ১৭-০৯-২০১৭।

বিষয় ঃ মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।
সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.১৭-১৪৯, তারিখঃ ১০-০৯-২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিসভাকে অবহিত করার জন্য এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের (তালিকা সংযুক্ত) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য সংবলিত প্রতিবেদন আগামী ১৮-০৯-২০১৭ তারিখের মধ্যে জরুরীভাবে প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য এবং ই-মেইলে নিকস ফন্টে সফট কপি প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ০২ পাতা।

জাজরীন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

বিতরণ ঃ

মন্ত্রণালয়ের সকাল শাখা।

সচিবের দপ্তর
পত্র প্রাপ্তির তারিখ ১৪/৯/১৭
অতিরিক্ত সচিব (প্রঃ)
অতিরিক্ত সচিব (উঃ)
অতিরিক্ত সচিব (বাঃ)
অতিরিক্ত সচিব (আইন)
সচিবের একান্ত সচিব
মন্তব্য:
সচিব

গোপনীয়
জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.১৭-১৪৯

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০১৭
২৬ ভাদ্র ১৪২৪

বিষয়: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিসভাকে অবহিত করার জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ে বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের (তালিকা সংযুক্ত) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে হালনাগাদ তথ্য সংবলিত প্রতিবেদন **(প্রতিটি সিদ্ধান্ত পৃথক পাতায়)** আগামী ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, প্রতিবেদনটি নিকস ফন্টে প্রস্তুত করার জন্য এবং এর সফট্‌কপি নিম্নবর্ণিত ই-মেইলে/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: ০৯ পাতা।

১০/০৯/২০১৭
(মোছা: মোর্শেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫১১০৩৭
implement-1_sec@cabinet.gov.bd

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
নৌ পরিবহন মন্ত্রণালয়/বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

যুগ্ম সচিব (প্রশাসন) এর দপ্তর
আগমন নং ২২৫৫
তারিখ ১৭/৯/১৭

F:\Official\04.312\04.312.016 Implement Report\Imp Report for CM 2017\Imp Report for CM 2017 Q3\05 Letter.doc

অতিরিক্ত সচিবের দপ্তর

নৌ-পরিবহন মন্ত্রণালয়
সচিব এর দপ্তর

নৌ-পরিবহন মন্ত্রণালয়

ক্রমিক	বাস্তবায়নাধীন সিদ্ধান্ত
১	মসবৈ-৩৬(১১)/১৯৯৩, তারিখঃ ১৫-১১-১৯৯৩। বিষয়ঃ পাকিস্তান হইতে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)- এর জন্য দুইটি কন্টেইনার জাহাজ ক্রয় প্রসঙ্গে। সিদ্ধান্তঃ ৯। (ক) পাকিস্তান হইতে দুইটি কন্টেইনার জাহাজ ক্রয় সংক্রান্ত করাচী শিপ ইয়ার্ডের সহিত বিএসসি-এর সম্পাদিত চুক্তি এক তরফাভাবে বাতিলের পরিবর্তে এই বিষয়ে পাকিস্তান সরকারের সহিত আলাপ আলোচনান্তে জাহাজ গ্রহণ না করা সংক্রান্ত একটি সমঝোতায় উপনীত হইবার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করিতে হইবে। জাহাজের পরিবর্তে সমপরিমাণ অর্থের বিনিময়ে বিকল্প অন্য কোন পাকিস্তানী সামগ্রী ক্রয় করা যাইতে পারে।
২	মসবৈ-০১(০১)/২০১২, তারিখ: ০২ জানুয়ারি ২০১২ বিষয়-২ 'সোনাদিয়া গভীর সমুদ্র বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১১'-এর খসড়ার নীতিগত অনুমোদন। সিদ্ধান্ত: ১১। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনার আলোকে সংশোধন ও পুনর্গঠন সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'সোনাদিয়া গভীর সমুদ্রবন্দর কর্তৃপক্ষ আইন, ২০১১'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল। 'সোনাদিয়া গভীর সমুদ্রবন্দর কর্তৃপক্ষ আইন, ২০১১'-এর খসড়ার শিরোনাম 'সোনাদিয়া গভীর সমুদ্রবন্দর কর্তৃপক্ষ আইন, ২০১২' হইবে।
৩	মসবৈ-০৭(০২)/২০১৫, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০১৫ বিষয়-৩: উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers for Development Projects) এবং অনুন্নয়ন বাজেটের আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও পুনঃঅর্পণ (Sub-Delegation) সংক্রান্ত সংশ্লিষ্ট পরিপত্রসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন। সিদ্ধান্ত: ১২.৪। সকল মন্ত্রণালয়/বিভাগ ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।
৪	মসবৈ-১৪(০৪)/২০১৫, তারিখ: ০৬ এপ্রিল ২০১৫ বিষয়-২: 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়ার নীতিগত অনুমোদন। সিদ্ধান্ত : ১১। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল।
৫	মসবৈ-৪২(১১)/২০১৫, তারিখ: ০২ নভেম্বর ২০১৫ বিষয়-২: '১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩'-এর তফসিল সংশোধনের বিষয় মন্ত্রিসভাকে অবহিতকরণ। সিদ্ধান্ত: ১২.২। ১৫ আগস্ট ১৯৭৫ হইতে ৯ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য গত ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে প্রদত্ত নির্দেশনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক দ্রুত বাস্তবায়ন করিবে।
৬	মসবৈ-৪২(১১)/২০১৫, তারিখ: ০২ নভেম্বর ২০১৫ বিষয়-২: '১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩'-এর তফসিল সংশোধনের বিষয় মন্ত্রিসভাকে অবহিতকরণ। সিদ্ধান্ত: ১২.৩। মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক স্ব স্ব মন্ত্রণালয়ের আওতাধীন ব্রিটিশ ও পাকিস্তান আমলে ইংরেজি ভাষায় প্রণীত আইনসমূহ প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধনক্রমে বাংলা ভাষায় প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

৭	মসবৈ-২৭(০৭)/২০১৬, তারিখ: ২৫ জুলাই ২০১৬ বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৬ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন। সিদ্ধান্ত: ৮.২। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে-সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সে-গুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিবার যেই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল তৎপরিপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/বিভাগে অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পত্তিকৃত রহিয়াছে সেগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ আগামী পাঁচ মাসের মধ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।
৮	মসবৈ-০৪(০২)/২০১৭, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০১৭ বিষয়-৫: IMO কর্তৃক প্রবর্তিত 'International Convention for the Control and Management of Ships' Ballast Water and Sediments (BWM), 2004'-এর খসড়া অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন। সিদ্ধান্ত: ২২। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'International Convention for the Control and Management of Ships' Ballast Water and Sediments (BWM), 2004'-এর খসড়া অনুসমর্থন করা হইল।
৯	মসবৈ-০৪(০২)/২০১৭, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০১৭ বিষয়-৬: IMO কর্তৃক প্রবর্তিত International Convention on the Control of Harmful Anti-fouling Systems on Ships (AFS), 2001-এর খসড়া অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন। সিদ্ধান্ত: ২৫। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'International Convention on the Control of Harmful Anti-fouling Systems on Ships (AFS), 2001-এর খসড়া অনুসমর্থন করা হইল।
১০	মসবৈ-২৩(০৭)/২০১৭, তারিখ: ২৪ জুলাই ২০১৭ বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৭ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন। সিদ্ধান্ত: ৯.২। মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়নাধীন সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন।
১১	মসবৈ-২৩(০৭)/২০১৭, তারিখ: ২৪ জুলাই ২০১৭ বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৭ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন। সিদ্ধান্ত: ৯.৩। বর্তমান সরকারের কার্যকালে মন্ত্রিসভা-বৈঠকে নীতিগত অনুমোদনের পর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কিংবা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিংয়ের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন আইনের খসড়া নিরীক্ষান্তে চূড়ান্ত অনুমোদন গ্রহণের জন্য মন্ত্রিসভায় দ্রুত প্রেরণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।